গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

**পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন 'Integrated Hill Tracts Digital Service Delivery Platform' সংক্রান্ত সফটওয়্যার তৈরির নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত কাজের অগ্রগতি এবং চুক্তির সার্বিক বিষয় পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সত্যেন্দ্র কুমার সরকার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার স্থান | : | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ১৭/১১/২০২২ খ্রি.; বেলা ০৩.০০ টা |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় বলেন যে, মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন 'Integrated Hill Tracts Digital Service Delivery Platform' সংক্রান্ত সফটওয়্যার তৈরির নিমিত্ত নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির সময়সীমা বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ে আবেদন করেছে। প্রজেক্টের কাজের অগ্রগতি কোন পর্যায়ে রয়েছে এবং চুক্তি অনুযায়ী পরামর্শক প্রতিষ্ঠানের আবেদনের উপর মন্ত্রণালয় কী ব্যবস্থা গ্রহণ করবে তা আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। সভায় মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন), যুগ্মসচিব (পরিষদ) এবং এটুআই এর ০১ (এক) জন প্রতিনিধি ভার্চুয়্যালি যুক্ত হন। সভাপতি চুক্তির বর্তমান সময় পর্যন্ত অগ্রগতি উপস্থাপনের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধি ও ড্রিম ৭১ বাংলাদেশ লিঃ. এর ব্যবস্থাপনা পরিচালক জনাব রাশাদ কবির-কে অনুরোধ জানান।

২। ড্রিম ৭১ বাংলাদেশ লিঃ. এর ব্যবস্থাপনা পরিচালক জনাব রাশাদ কবির সভাকে জানান যে, গত জুলাই ২০২১ মাসে ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম তৈরির কার্যাদেশ প্রদান করা হয়। SRS (Software Requirements Specification) প্রস্তুতের নিমিত্ত গত ২২-২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ মন্ত্রণালয়ের আওতাধীন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি কার্যালয়ে ০২ (দুই) দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। Scheme Service Management এবং Social Safety Net সংক্রান্ত সফটওয়্যার তৈরির কার্যক্রম শুরু হয়। সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী Social Safety Net এর পরিবর্তে Training & Scholarship Management সংক্রান্ত সফটওয়্যার তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রণালয়ের অনুমতিক্রমে পরামর্শক প্রতিষ্ঠান গত ২১ জুন, ২০২২ থেকে ০৮ জুলাই, ২০২২ পর্যন্ত তিন পার্বত্য জেলার অফিসসমূহে নির্ধারিত বিষয়ের উপর আলোচনাপূর্বক তথ্যাদি সংগ্রহ করে। তথ্যাদি সংগ্রহের পর অক্টোবর/২০২২ মাসে পূর্ণাঙ্গ SRS Report দাখিল করে এবং সে অনুযায়ী System Development শুরু করা হয়েছে। ইতোমধ্যে Scheme Service Management এর ১০০%, Training & Scholarship Management এর ১০০% ও NGOs Service Management এর ১০০% বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট Licence & NoC এর ৮০%, Social Safety Net এর ৭০%, Accommodation Management এর ৪০% এবং Recruitment Management এর ৪০% বাস্তবায়িত হয়েছে। সফটওয়্যারে E-nothi এবং Muktopath অন্তর্ভুক্তকরণের কাজ চলমান রয়েছে। NID, SMS Gateway, Payment Gateway এবং Hosting অন্তর্ভুক্তকরণের কাজ অবশিষ্ট রয়েছে। তিনি জানান যে, মন্ত্রণালয়ে প্রেরিত SRS Report এর কোন ফিডব্যাক থাকলে তা পুণরায় সংশোধন করা হবে এবং SRS Report অনুমোদিত হলে চুক্তির নিয়মানুযায়ী বিল প্রদানের জন্য সভাপতিকে অনুরোধ জানান।

৩। জনাব রাশাদ কবির চুক্তির বর্তমান অগ্রগতির উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের জন্য ড্রিম ৭১ বাংলাদেশ লিঃ. এর টেকনিক্যাল প্রজেক্ট ম্যানেজার জনাব এস, এইচ, এম আরাফাত-কে অনুরোধ জানান। জনাব আরাফাত প্রজেক্টের ০৭টি মডিউলের কাজ কোন পর্যায়ে রয়েছে এবং কোন মডিউলের কাজ কোন সময়ে সম্পন্ন হবে তার Gantt Chart প্রদর্শন করেন যা নিম্নরূপ:

Tentative Deadline

| Component | Nov'22 | Dec'22 | Jan'23 | Feb'23 | Mar'23 | Apr'23 | May'23 |
|---|---|---|---|---|---|---|---|
| | Nothi Integration | | | | | | |
| Scheme Management | UAT* | Feedback Resolution | Testing Go Live* | | | | |
| | Nothi Integration | | | | | | |
| Scholarship & Training Management | UAT* | Feedback Resolution | Testing Go Live* | | | | |
| | Nothi Integration | | | | | | |
| NGO Service Management | UAT* | Feedback Resolution | Testing Go Live* | | | | |
| | | | | | | | |
| License & NOC Management | Development & Integration | Testing UAT* | Feedback Resolution | Testing Go Live* | | | |
| | | | | | | | |
| Social Safety Net | Development | & Integration | Testing UAT* | Feedback Resolution | Testing Go Live* | | |
| | | | | | | | |
| Accommodation Management | Development | & Integration | Testing UAT* | Feedback Resolution | Testing Go Live* | | |
| | | | | | | | |
| Recruitment Management | Development | & Integration | | Testing UAT* | Feedback Resolution | Testing Go Live* | |

৪। জনাব রাশাদ কবির প্রেজেন্টেশন অনুযায়ী সকল মডিউলের কাজ আগামী এপ্রিল/২০২৩ মাসে সম্পন্ন করা সম্ভব হবে মর্মে সভাকে জানান। অবশিষ্ট ০২ (দুই) মাস কোন মডিউলের তথ্যাদি সংশোধন (যদি থাকে) করার জন্য সময় রাখা হয়েছে। তিনি নভেম্বর/২০২২ মাসের শেষ সপ্তাহে NGO মডিউল প্রদর্শন এবং UAT করার সময় চেয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। যুগ্মসচিব (প্রশাসন) মন্ত্রণালয়ের ডিসেম্বর/২০২২ মাসে বেশ কয়েকটি অনুষ্ঠান থাকায় নভেম্বর/২০২২ মাসে সভা করা যাবে না মর্মে পরামর্শক প্রতিষ্ঠানকে অবহিত করেন। তবে আগামী ১২-১৫ ডিসেম্বর তারিখের মধ্যে NGO মডিউল প্রদর্শন এবং UAT করা সম্ভব হবে মর্মে সভাকে জানান। আলোচনার এ পর্যায়ে এটুআই এর প্রতিনিধি জনাব মুহাম্মদ ইউনুস আলী সরদার সভাকে জানান যে, পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত Package 1 এর UAT (User Acceptance Testing) করার পূর্বে ০১(এক) দিনের একটি Workshop করা প্রয়োজন। কারণ Package 1 এর UAT ঠিক হলে তা Package 2 তে-ও প্রতিফলিত হবে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/পরামর্শ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | SRS Report-এর রিপোর্ট প্রদান | সফটওয়্যার এর ০৭(সাত)টি মডিউল এর SRS Report পর্যালোচনার লক্ষ্যে গত ১৭/১০/২০২২ তারিখের ৫৯৮ নং স্মারকের মাধ্যমে গঠিত কমিটির মতামত আগামী ২২ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে অফিসিয়ালি পত্রের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠানের নিকট প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ০৭(সাত)টি মডিউল এর SRS Report এর মতামত আগামী ২২ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে অফিসিয়ালি পত্রের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) ও সহকারী প্রোগ্রামার। |
| ২. | Gantt Chart-এর অনুমোদনপূর্বক প্রজেক্টের সময়সীমা বৃদ্ধি | পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রদর্শিত Gantt Chart অনুমোদনপূর্বক প্রজেক্টের সময়সীমা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। পরামর্শক প্রতিষ্ঠান গত ০৭/১১/২০২২ তারিখে প্রজেক্টের মেয়াদ বৃদ্ধির জন্য পত্র প্রেরণ করে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪১(২)(খ) অনুযায়ী ক্রয়কারী কর্তৃক প্রত্যাশিত সেবা সমাপ্তির সময়সীমা বর্ধিতকরণের আবেদন প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে সময় বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করার বিধান রয়েছে। | মন্ত্রণালয় কর্তৃক Gantt Chart অনুমোদিত হলে প্রজেক্টের সময়সীমা বৃদ্ধি করা হবে এবং তা আনুষ্ঠানিকভাবে আগামী ২৮ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে পরামর্শক প্রতিষ্ঠানকে জানাতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), যুগ্মসচিব (প্রশাসন) ও উপসচিব (প্রশাসন-১) |
| ৩. | Workshop এর ব্যবস্থাকরণ | Package 1 এর UAT করার পূর্বে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, এটুআই এবং অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের উপস্থিতিতে ০১ (এক) দিনের Workshop এর ব্যবস্থা করার জন্য গুরুত্বারোপ করা হয়। | আগামী ২৭-৩০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধির সমন্বয়ে ০১ (এক) দিনের Workshop এর ব্যবস্থা করতে হবে। পরামর্শক প্রতিষ্ঠান এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | যুগ্মসচিব (প্রশাসন), উপসচিব (প্রশাসন-১), সহকারী প্রোগ্রামার এবং ড্রিম-৭১/লিডস্ কর্পোরেশন লি.এর প্রতিনিধি |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/পরামর্শ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৪. | NGO মডিউল প্রদর্শন এবং UAT করার সময় নির্ধারণ | প্রজেক্টের NGO মডিউল প্রদর্শন এবং UAT করার সময় নির্ধারণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ১২-১৫ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে প্রজেক্টের NGO মডিউল প্রদর্শন এবং UAT করতে হবে। পরামর্শক প্রতিষ্ঠান এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | যুগ্মসচিব (প্রশাসন), উপসচিব (প্রশাসন-১), সহকারী প্রোগ্রামার এবং ড্রিম-৭১/লিডস্ কর্পোরেশন লি.এর প্রতিনিধি |
| ৫. | প্রজেক্টের কাজের সাথে সম্পৃক্ত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার/ প্রতিষ্ঠানের নিকট পত্র প্রেরণ | প্রজেক্টের কাজের সাথে যে সকল সংস্থার সম্পৃক্ততা প্রয়োজন হবে (যেমন: NID এর জন্য জাতীয় নির্বাচন কমিশন সচিবালয়, SMS Gateway এর জন্য টেলিটক, Payment Gateway এর জন্য SSL ও Hosting এর জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল) সে সকল সংস্থার নিকট পত্র প্রেরণ করার জন্য আলোচনা হয়। | পরামর্শক প্রতিষ্ঠানের নিকট হতে উল্লিখিত বিষয়ের পত্র পাওয়া সাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার/প্রতিষ্ঠানের নিকট পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), উপসচিব (প্রশাসন-১), সহকারী প্রোগ্রামার এবং ড্রিম-৭১/লিডস্ কর্পোরেশন লি. এর প্রতিনিধি |

৫। পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২১/১১/২০২২
সত্যেন্দ্র কুমার সরকার
অতিরিক্ত সচিব (প্রশাসন)
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নং-২৯.০০.০০০০.২১৩.২৫.০০২.১৯ (খন্ড-১).৬৬৯ তারিখঃ ২২/১১/২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন/পরিষদ), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। জনাব মো: ফরহাদ জাহীদ শেখ, চিফ স্ট্রাটেজিস্ট (ই-গর্ভনেন্স), এটুআই, আগারগাঁও, ঢাকা।
৪। উপসচিব (প্রশাসন-১/বাজেট/প্রশাসন-২/পরিকল্পনা-১/সমন্বয়-২/পরিষদ-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন)/সহকারী সচিব (সমন্বয়-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। জনাব মুহাম্মদ ইউনুস আলী সরদার, টেকনোলজী এক্সপার্ট, এটুআই, আগারগাঁও, ঢাকা।
৯। জনাব অশোক বিশ্বাস, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট, এটুআই, আগারগাঁও, ঢাকা।
১০। Mr. Rashad Kabir, Managing Director, Dream 71 Bangladesh Ltd.
১১। Mr. S.H.M Arafat, Project Manager, Dream 71 Bangladesh Ltd.
১২। Mr. Ashraf Siddiquee, Project Director, LEADS Corporation Ltd.
১৩। Mr. Zahid Hasan Khan, Senior Business Analyst, LEADS Corporation Ltd.
১৪। অফিস কপি।

২২/১১/২০২২
(সজল কান্তি বনিক)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৩১৪
Email: dsadmin@mochta.gov.bd